দামুড়হুদায় ২০ পিচ ইয়াবাসহ গ্রেফতার ২

দামুড়হুদা মডেল থানা পুলিশের মদক বিরোধী অভিযানে ২০ পিচ অবৈধ মাদকদ্রব্য ইয়াবাসহ ২ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯ টার দিকে দামুড়হুদা উপজেলার ভগিরতপুর ঝবঝবি ব্রীজ এলাকা থাকে তাদেরকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলো উপজেলার হোগলডাঙ্গা গ্রামের মোঃ সিরাজ আলী মন্ডল এর ছেলে মোঃ লিপু আলী (২৪) এবং মৃত আঃ কুদ্দুস এর ছেলে মোঃ সাইদুল (২৫)।

পুলিশ সুত্রে জানাগেছে, দামুড়হুদা মডেল থানার মাদক বিরোধী অভিযানে গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯ টার দিকে থানার সেকেন্ড অফিসার এসআই মোঃ আসাদুর রহমান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান ডিউটি পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন ভগিরতপুর গ্রামস্থ ভগিরতপুর ঝবঝবি ব্রীজ সংলগ্ন জনৈক মোঃ মুক্তার আলীর মুদি দোকানের সামনে পাঁকা রাস্তার উপর থেকে আসামী লিপু আলী ও সাইদুল কে ২০ পিচ অবৈধ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট (মূল্য অনুমান ৬,০০০ টাকা) সহ হাতেনাতে আটক করে। আটককৃত আসামীদ্বয় বর্তমানে দামুড়হুদা মডেল থানা হেফাজতে আছে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রজু করা হয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর বলেন, ইয়াবা সহ দুই জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলা রজু করা হয়েছে। আসামীদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে ৯ কেজি গাঁজা

উদ্ধার, আটক দুই মাদক ব্যবসায়ী

৯ কেজি ভারতীয় গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম।

আটক মাদক ব্যবসায়ীরা হলেন, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার বাহিরমাদি গ্রামের মৃত আব্দুল মান্নান জোয়ার্দারের ছেলে রবিউল ইসলাম (৪০) ও একই গ্রামের আজিজুল সর্দারের ছেলে সজিব সর্দার ওরফে সজিব পারভেজ (৩৬)। এসময় তাদের বহনকাজে ব্যবহৃত নাম্বার বিহীন একটি টিভিএস স্ট্রাইকার মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ জুলাই) সকাল ৮ টার দিকে গাংনী উপজেলার মহেশপুর ডোবাপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের গাঁজাসহ আটক করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের পরিদর্শক আবুল হাসেম সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান চালান।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের পরিদর্শক আবুল হাসেম জানান,ভারতীয় সীমান্ত থেকে গাঁজা নিয়ে দুই মাদক ব্যবসায়ী জোড়পুকুরিয়া বাজার হয়ে ষোলটাকার মধ্য দিয়ে যাবে এমন গোপন সংবাদের ভিত্তিতে মহেশপুর ডোবাপাড়া এলাকায় অবস্থান নিই। এসময় মোটরসাইকেল যোগে দুই মাদক ব্যবসায়ী যাওয়ার সময় তাদের গতিরোধ করি। পরে তারা গাঁজা ও মোটরসাইকেল ফেলে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা তাদের দুজনকে আটক করেন।

এ ঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দিয়ে মাদক ব্যবসায়ী ও গাঁজা হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ভ্রাম্যমাণ আদালতে দুই যুবকের কারাদণ্ড, জরিমানা আদায়

মেহেরপুরে মাদক সেবন করে মাতলামি করে সামাজিক অবক্ষয় করার অভিযোগে রিপন হোসেন ও রাসেল আহমেদ নামের ২ যুবককে ৩ মাসের কারাদণ্ড ও ৫০০ টাকা করে জরিমান করেছে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

সাজাপ্রাপ্ত রিপন হোসেন সদর উপজেলার চাঁদবিল গ্রামের মন্টু আলীর ছেলে এবং রাসেল আহমেদ মেহেরপুর শহরের শিশু বাগান পাড়ার ঝড়ুর ছেলে।

গতকাল সোমবার বিকালে মেহেরপুর সদর উপজেলা চাঁদবিলে গ্রামে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে রিপন ও রাসেলকে ৩ মাস করে বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা করে অর্থদণ্ড করা হয়।

মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান এই ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান বলেন, মাদকাসক্ত রিপন হোসেন ও রাসেল আহমেদ তাদের দোষ স্বীকার করায় তাদের এই সাজা দেওয়া হয়েছে।

মাদক সেবন করার সময় গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে অভিযান চালিয়ে রিপন ও রাসেলকে আটক করা হয়। পরে ভ্রাম্যমান আদালতে নেন মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

শৈলকূপা থানার এসআই মনিরুজ্জামান হাজরা জানান মুক্তার দীর্ঘদিন ধরে গাড়াগঞ্জ, গাড়াখোলা, চন্ডিপুর, মধুপুর,সহ বিভিন্ন এলাকায় গাঁজার ব্যবসা করে আসছিল। তার জের ধরে গোপন সংবাদের ভিত্তিতে গত মধ্য রাতে তার বাড়িতে অভিযান চালানো হয় এই সময় মুক্তরের বাড়ি থেকে তল্লাসি চালিয়ে (৫২৫) গ্রাম গাজা ও নগদ এক লক্ষ চৌদ্দ হাজার (১,১৪১০০) টাকা উদ্ধার করা হয়। তনি আরো বলেন এই ঘটনায় পুলিশের পক্ষ থেকে মামলা দায়ের করে আসামিকে আদালতে পাঠানো হয়েছে।

মেহেরপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক ১

মেহেরপুরে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ২৭ পিচ হেরোইনসহ একজনকে আটক করা হয়।

আজ শনিবার (১৩ জুলাই) রাত ৯ টার দিকে এক মাদক বিরোধী অভিযান চালিয়ে মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর রাজধানীপাড়াস্থ মো: আকাশ স্টোরের সামনে থেকে এস এম আব্দুল ওয়াহাব রিপন (৩৩) কে আটক করা হয়েছে।

আটককৃত এস এম আব্দুল ওয়াহাব রিপন মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ড পুরাতন বাসষ্ট্যান্ড পাড়ার মৃত আব্দুল কুদ্দুসের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানায়, মেহেরপুরের হরিরামপুরে মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে এস এম আব্দুল ওয়াহাব রিপরে দেহ তল্লাশী করে তার পরিহিত টাউজারের ডান পাশের পকেটে একটি ডারবি সিগারেটের প্যাকেটের ভিতর পলিথিন প্যাকেটের মধ্যে মোড়ানো ছোট বড় পুরিয়াসহ ২৭ (সাতাশ) টি হেরোইন পাওয়া যায়। যার ওজন-০৩ (তিন) গ্রাম ও উদ্ধারকৃত হেরোইনের আনুমানিক বাজার মূল্য-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

পরে মেহেরপুর সদর থানায় আটককৃতর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজুর করা হয়েছে।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে একজন গ্রেফতার

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে হেমায়েতপুর থেকে ৮০ পিচ অবৈধ মাদকদ্রব্য ইয়াবা সহ একজনকে আটক করেছে দামুড়হুদা থানাধীন চারুলিয়া ক্যাম্প পুলিশ।
গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার সময় হেমায়েতপুর ব্রীজের উপর তাকে হাতেনাতে গ্রেফতার করা হয় এবং তার সহযোগী একজন কৌশলে পালিয়ে যাই।
গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলার লক্ষীপুর গ্রামের মৃত জালাল উদ্দিন এর ছেলে মোঃ মোফাজ্জেল হক (৪৫)।
পুলিশ সুত্রে জানাগেছে, গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার দিকে চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা মহোদয় এর নির্দেশনায় দামুড়হুদা থানাধীন চারুলিয়া ক্যাম্পে কর্মরত এসআই লিটন কুমার মন্ডল ও এএসআই মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান ডিউটি পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন হেমায়েতপুর গ্রামস্থ চারুলিয়া টু হেমায়েতপুর সংযোগ ব্রীজের উপর থেকে মোঃ মোফাজ্জেল হক (৪৫) কে ৮০ (আশি) পিচ অবৈধ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট (যার মুল্য অনুমান-২৪,০০০/-টাকা) সহ হাতেনাতে আটক করে এবং অপর সহযোগী আসামী মোঃ ফকির (৫০), পিতা- আব্দুল মান্নান, সাং- চন্দ্রবাস, থানা- দামুড়হুদা, কৌশলে পালিয়ে যায়। বর্তমানে গ্রেফতার কৃত আসামী দামুড়হুদা মডেল থানা হেফাজতে আছে। আসামিদের বিরুদ্ধে মামলা রজু করা হয়েছে।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর বলেন, একজনকে গ্রেফতার করা হয়েছে। আজ আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

গাংনীতে আলমডাঙ্গার মামুন র্যাবের হাতে আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্পের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৮ বোতল ফেন্সিডিলসহ মোঃ মামুন মালিথা (২৪) নামের এক মাদক কারবারী আটক করেছে।

আটক মামুন মালিথা চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের চরযাদবপুর গ্রামের মোঃ শহিদুল ইসলামের ছেলে।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে গাংনী উপজেলার কল্যানপুর-করমদি মাঠের মধ্যে করমদি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পাশে পাকা রাস্তার উপর মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে ১৮ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়।

র্যাব-১২ সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামানের নেতৃত্বে একটি টিম এই অভিযানে অংশ নেন। উদ্ধারকৃত ১৮ বোতল ফেন্সিডিলের আনুমানিক বাজার মূল্য ৩৬ হাজার টাকা।

এঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে ২৯২ বোতল ফেনসিডিলসহ মাদক কারবারী আটক

মুজিবনগরে ২৯২ বোতল ভারতীয় নেশা জাতীয় দ্রব্য ফেনসিডিল সহ এক মাদক কারবারিকে আটক করেছে ঝিনাইদহ র্যাব -৬ উপজেলার তারানগর গ্রামে কতিপয় মাদক ব্যবসায়ী অবৈধ মাদক বিক্রির উদ্দেশ্যে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ র্যাব-৬ এর এস আই আবুল হোসাইন এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স গতকাল মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে মুজিবনগর উপজেলার তারানগর ক্লাবের সামনে থেকে

আনন্দবাস গ্রামের জহির খাঁ এর ছেলে মানিক (২২)কে কাধেঁ বহন কৃত একটি চটের বস্তার ভিতরে রক্ষিত অবস্থায় ২৯২ বোতল ফেনসিডিল সহ আটক করে।

আজ বুধবার বিকেলে আটকৃত মাদক ব্যবসায়ী নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮এর ৩৬(১) স্মরণের ১৪ এর গ ধারায় মামলাদিয়ে মুজিবনগর থানায় সোপর্দ করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ উজ্জল কুমার দত্ত জানান বুধবার বিকেলে ২৯২ বোতল ফেনসিডিল সহ মানিক নামের এক মাদক ব্যবসায়ীকে ঝিনাইদহ র্যাব ৬ মাদক মামলা দিয়ে মুজিবনগর থানায় সোপর্দ করেছে আগামীকাল বৃহস্পতিবার তাকে আদালতে সোপর্দ করা হবে।

মাদকবিরোধী বিশেষ সম্মাননা পেয়েছেন অরূপরতন চৌধুরী

মাদক বিরোধী আন্দোলনে অসামান্য অবদানের জন্য Athena লিমিটেড কর্তৃক বিশেষ সম্মাননা পেয়েছেন বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. অরূপরতন চৌধুরী।

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৪ উপলক্ষে ১০ জুলাই, বুধবার সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত মাদকবিরোধী একটি আলোচনা অনুষ্ঠানে স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রী মোহাম্মদ তাজুল ইসলাম, এমপি এর হাত থেকে উক্ত সম্মাননা গ্রহণ করেন অরূপরতন চৌধুরী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য জারা জাবিন মাহাবুব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান, এনডিসি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মনোরোগ বিশেষজ্ঞ ও ইউএস বাংলা মেডিকেল কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল মো. আজিজুল ইসলাম।

উল্লেখ, বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. অরূপরতন চৌধুরী প্রায় ৪০